

বগুড়া আজিজুল হক কলেজে

সন্ত্রাসীদের

ছুরিকাঘাতে ছাত্রলীগ

কর্মী নিহত

বিক্ষোভ সমাবেশ

সড়ক অবরোধ আশুন

প্রতিনিধি, বগুড়া

বগুড়া সরকারি আজিজুল হক কলেজে বহিরাগত সন্ত্রাসীদের হামলায় ইব্রাহিম হোসেন সর্বজ (২৩) নামে এক ছাত্রলীগ কর্মী নিহত হয়েছে। সে সরকারি আজিজুল হক কলেজের স্নাতকোত্তর শ্রেণীর ছাত্র। তার বাড়ি বগুড়ার কাহালু উপজেলার লাহারাপাড়া। বহিরাগত সন্ত্রাসীদের হামলার সময় দু'পক্ষের মধ্যে ধাওয়া ও ইটপাটকেল নিক্ষেপ হয়। এতে আরও ৪ জন আহত হয়। আহতদের মধ্যে শিবু (২৮) নামে এক ছাত্রলীগ কর্মী বগুড়া মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। এ ঘটনার প্রতিবাদে বিক্ষুব্ধরা সড়ক অবরোধসহ মোটরসাইকেল ভাঙচুর ও এক পুলিশ কর্মকর্তার মোটরসাইকেলে অগ্নিসংযোগ করে। ছাত্রলীগ কর্মীর ওপর হামলাকারী সন্ত্রাসীর সঙ্গে ২নং দফা ছাত্রলীগ : পৃষ্ঠা : ১৫ ক : ৪

ছাত্রলীগ : কর্মী নিহত

(১ম পৃষ্ঠার পর)

যুবলীগের সাধারণ সম্পাদক নুরু জড়িত বলে ছাত্রলীগ নেতারা দাবি করেছেন। পুলিশ ও স্থানীয়রা জানান, দুপুর ১টার দিকে আজিজুল হক কলেজে পুরাতন ভবনের গেটের সামনে দুই ছাত্রলীগ কর্মীর সঙ্গে ভাড়া নিয়ে রিকশাচালকের বাকবিতণ্ডা হয়। এ সময় রিকশাচালকের পক্ষ নেয় স্থানীয় এক যুবক। এর জের ধরে পরে ছাত্রলীগ কর্মীদের সঙ্গে বহিরাগতের ধাওয়া ও ইটপাটকেল নিক্ষেপ হয়। এর একপর্যায়ে বহিরাগত সন্ত্রাসীদের ছুরিকাঘাতে ছাত্রলীগ কর্মী সর্বজ গুরুতর আহত হয়। বগুড়া মেডিকেল কলেজ হাসপাতালে নেয়ার পথে সে মারা যায়। এ সময় হাসপাতাল চত্বরে তার সহপাঠীরা কান্নায় ভেঙে পড়েন। ছাত্রলীগ কর্মীর মৃত্যুর ঘটনা ছড়িয়ে পড়লে বিক্ষুব্ধ ছাত্রলীগ কর্মীরা শহরের সাতমাথা, স্টেশন রোড ও আজিজুল হক কলেজের (নতুন ভবন) সামনে সড়ক অবরোধ ও বিক্ষোভ সমাবেশ করে। দফায় দফায় বিক্ষোভ মিছিল ও সড়ক অবরোধে সাধারণ লোকজন শঙ্কিত হয়ে পড়ে। এর একপর্যায়ে শহরের সেউজগাড়ি এলাকায় আল মামুন নামে এক পুলিশ কর্মকর্তার মোটরসাইকেল ভাঙচুর করে আশুন ধরিয়ে দেয়া হয়। তিনি বগুড়া স্টেডিয়াম ফাঁড়ির ইনচার্জ বলে পুলিশ জানায়। এছাড়া একই স্থানে আরও একটি মোটরসাইকেল ভাঙচুর হয়। অবরোধ ও বিক্ষোভের সময় শহরের সাতমাথা এলাকা দিয়ে যানবাহন চলাচল বন্ধ হয়ে যায়। বিকেল ৫টা পর্যন্ত ছাত্রলীগ কর্মীরা সাতমাথা এলাকায় অবস্থান নিয়ে বিক্ষোভ করে। বগুড়া জেলা ছাত্রলীগের সভাপতি নাইমুর রাস্কাক তিতাস জানিয়েছেন, আজিজুল হক কলেজের পুরাতন ভবন ক্যাম্পাসে প্রায় ছাত্রদের অপদস্ত ও মোবাইল ফোন কেড়ে নেয়া হয়। এর প্রতিবাদ করলে বহিরাগত সন্ত্রাসীরা ছাত্রলীগ কর্মীর ওপর হামলা চালায়। তিনি জানান, বগুড়া ২ নং ওয়ার্ড যুবলীগের এক নেতা বহিরাগত সন্ত্রাসীদের সঙ্গে ছিল। এ ঘটনায় শহরে উত্তেজনা ও থমথমে অবস্থা বিরাজ করছে। বিভিন্ন স্থানে পুলিশ মোতায়েন করা হয়েছে।

মামলা : চলাচে